# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 08 April, 2025

আগামী বৃহস্পতিবার (১০ এপ্রিল) শুরু হচ্ছে এসএসসি ও সমমানের পরীক্ষা।চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে এবার ২১৯টি কেন্দ্রে ১ হাজার ১৬৪টি বিদ্যালয়ের ১ লাখ ৪০ হাজার ৯২৭ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে।গত বছরে এই শিক্ষাবোর্ডের অধীনে অংশ নেয় ১ লাখ ৪৫ হাজার ৫৯০ জন।এক বছরের ব্যবধানে পরীক্ষার্থী সংখ্যা বেড়েছে ৪ হাজার ৬৬৩ জন।চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড সূত্রে এ তথ্য জানা গেছে।

এবার মানবিক বিভাগ থেকে ৪৭ হাজার ৯০৩ জন, বিজ্ঞান বিভাগ থেকে ৩৫ হাজার ৫৫৮ জন এবং ব্যবসায় শিক্ষা বিভাগের ৫৭ হাজার ৪৬৬ জন পরীক্ষার্থী এবারের এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে।

এরমধ্যে নিয়মিত শিক্ষার্থী রয়েছে ১ লাখ ১৮ হাজার ৮০ জন, অনিয়মিত ২২ হাজার ৭৩৪ জন এবং মানোন্নয়ন ১১৩ জন শিক্ষার্থী।এছাড়াও মোট পরীক্ষার্থীদের মধ্যে ছাত্র রয়েছে ৬১ হাজার ৭৬৫ জন, ছাত্রী রয়েছে ৭৯ হাজার ১৬২ জন।

এদিকে, চট্টগ্রাম শিক্ষাবোর্ডের অধীনে পাঁচ জেলার মধ্যে চট্টগ্রাম জেলায় মোট পরীক্ষার্থী রয়েছে ৯৯ হাজার ২৪৬ জন, কক্সবাজার জেলায় ২১ হাজার ১৯৩ জন, রাঙামাটি জেলায় ৭ হাজার ৯৭৪ জন, খাগড়াছড়ি জেলায় ৮ হাজার ১৭৯ জন এবং বান্দরবান জেলায় রয়েছে ৪ হাজার ৩৩৫ জন।

এ বিষয়ে চট্টগ্রাম শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক ড. পারভেজ সাজ্জাদ চৌধুরী বলেন, ‘পরীক্ষার নিরাপত্তা, প্রশ্নপত্র ফাঁস রোধ ও সব ধরনের অনিয়ম রোধে সতর্ক অবস্থানে আছি আমরা।ইতিমধ্যেই সকল সরঞ্জাম কেন্দ্রে পৌঁছে গেছে এবং পরীক্ষার সকল প্রস্তুতি শেষ হয়েছে। পরীক্ষা চলাকালীন সময়ে ভিজিলেন্স টিম কাজ করবে।

চট্টগ্রাম শিক্ষা বোর্ড এসএসসি পরীক্ষার্থী

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 10:56

URL: https://timestodaybd.com/public/chittagong/775807497